**মেয়রস ডিজ্যাস্টার রিলিফ ফান্ড-এ আবেদনের তথ্য ও নির্দেশ: কোভিড-19**
**12 এপ্রিল 2020**

মেয়রস ডিজ্যাস্টার রিলিফ ফান্ড (মেয়রের বিপর্যয় ত্রাণ তহবিল): কোভিড-19 (তহবিল) দান সংগ্রহ করছে যাতে আপৎকালীন সহায়ত প্রদান করা যায় কেম্ব্রিজ নিবাসী ব্যক্তি ও পরিবারগুলিকে, যারা আর্থিকভাবে সঠিন পরিস্থিতির সম্মুখিন হয়েছেন বর্তমান করোনাভাইরাস/কোভিড-19 সংকটের কারণে। সিটি অফ কেম্ব্রিজ চেষ্টা করছে যতগুলি সম্ভব মানুষকে এই তহবিল থেকে সাহায্য করতে। নিচে অর্থ পাওয়ার যোগ্যতা ও তার ব্যবহারের জন্য প্রতিষ্ঠিত যোগ্যতামান বর্ণনা করা হল।

আমরা সব আবেদনকারীদের অনুরোধ করছি তলার তথ্যগুলি ভালো করে পড়ে নিতে। বিভাগ 1 এবং 2 বর্ণনা করে কারা যোগ্য এবং কী কারণে অর্থ ব্যবহার করা যেতে পারে। বিভাগ 3 বর্ণনা করে অনলাইনে আবেদন করার নির্দেশ ও ধাপগুলি।

নাগরিকরা এই আবেদন পূরণ করতে পারবেন অনলাইনে অথবা ফোনের মাধ্যমে একজন কর্মীকে ফোন করে 617 349 9797 নম্বরে। যারা অনলাইনে আবেদন করবেন, তাদের কাছে আবেদনের একটি লিংক পাওয়া যাবে এই নথির শেষে।

মনে রাখবেন সিটি-র কর্মীরা আবেদনকারীদের সাহায্য করতে পারবেন আবেদনপত্র পূরণ করতে এবং অনেক ক্ষেত্রে তারা সমর্থনকারী নথি আপলোড করতেও সাহায্য করতে পারবেন। যদি আবেদনকারীর পক্ষে নথি আপলোড করা সম্ভব না হয়, তবে কর্মীরা আবেদনকারীদের সাহায্য করবেন প্রয়োজনীয় নথি ডাকযোগে পাঠাতে অথবা সেগুলিকে সিটি হলের পিছনে অবস্থিত (795 ম্যাসাচুসেটস অ্যাভেঃ) পেমেন্ট ডাকবাক্সে ফেলে আসতে।

## বিভাগ 1
## কারা যোগ্য:

### যোগ্যতা প্রয়োজনীয়তা:

- আবেদনকারীকে কেম্ব্রিজের বাসিন্দা হতে হবে।
- আবেদনকারীকে কেম্ব্রিজের ভাড়াটে অথবা সিটি অফ কেম্ব্রিজের অ্যাফোর্ডেবল হোম ওনারশিপ প্রোগ্রামের অধিনে বাড়ির মালিক হতে হবে।
- আবেদনকারীর আয় এরিয়া মিডিয়ান ইনকাম (AMI)-এর 100% -এর সমান বা তার কম হতে হবে করোনাভাইরাস/কোভিড-19-এর কারণে উপার্জন হানি বা হ্রাসের আগে।
- আবেদনকারীকে প্রদর্শন করতে হবে যে করোনাভাইরাস/কোভিড-19-এর কারণে উপার্জন হানি বা হ্রাস হয়েছে।

*কেম্ব্রিজে বসবাস প্রদর্শিত হতে হবে নিম্নলিখিত **একটি** নথির মাধ্যমে:*

- সাম্প্রতিক ফটো আই-ডি যাতে কেম্ব্রিজের ঠিকানা আছে,
- সাম্প্রতিক স্বাক্ষর করা লিজ, মর্টগেজ স্টেটমেন্ট অথবা স্বাক্ষ করা টেনেন্ট এগ্রিমেন্ট,
- একটি নির্ভরশীল সন্তানের জন্য 2019-2020 বা 2020-2021 স্কুল ইয়ারে স্কুল এনরোলমেন্ট নথি,
- বাসিন্দা হতে হবে এমন সিটি অফ কেম্ব্রিজ প্রোগ্রামের 2019 বা 2020 প্রোগ্রাম এনরোলমেন্ট নথি,
- আপনার কেম্ব্রিজের ঠিকানায় দুটি পোস্টমার্ক করা এবং আপনাকে পাঠানো চিঠি যা গত 15 মধ্যে এসেছিল,
- অন্য বৈধ নথি, যেমন কেম্ব্রিজের ঠিকানায় আবেদনকারীর ইউটিলিটি বিল, যা গত 30 দিনের মধ্যে ছিল অথবা কেম্ব্রিজের ঠিকানায় আবেদনকারীর বর্তমান গাড়ির রেজিস্ট্রেশন।

*আয়ের যোগ্যতা প্রদর্শিত হতে হবে নিম্নলিখিত **একটি** নথির মাধ্যমে:*

- একটি 2019 ইনকাম ট্যাক্স রিটার্ন (প্রথম পৃষ্ঠা),
- একটি 2018 ইনকাম ট্যাক্স রিটার্ন (প্রথম পৃষ্ঠা) এবং একটি 2019 W-2(গুলি)
- একটি 2018 ইনকাম ট্যাক্স রিটার্ন (প্রথম পৃষ্ঠা) এবং একটি 2019 1099 ফর্ম

- 2019-এর আয় বিষয়ে হলফনামা।

*সিটির সোশাল সিকিউরিটি নম্বরের প্রয়োজন নেই, তাই অনুগ্রহ করে নথি থেকে সেগুলিকে মুছে/ঢেকে দিন।*
*কোভিড-19-এর কারণে আয়ের হানি বা হ্রাস প্রদর্শিত হতে হবে নিম্নলিখিত **একটি** নথির মাধ্যমে:*

- দুটি পে-স্টাব, একটি দেখাবে উপার্জন হানি বা হ্রাসের আগের আয়, অপরটি দেখাবে 1 মার্চ 2020 -র পরের তারিখে উপার্জন হানি বা হ্রাসের পরের আয়,
- নিয়োগকর্তার কাছ থেকে একটি চিঠি যা দেখাবে কোভিড-19-এর কারণে আয়ের পরিবর্তন হয়েছে,
- আবেদনকারীর নিয়োগকর্তার কাছ থেকে একটি বিজনেস ক্লোজার নোটিস যার তারিখ হবে 1 মার্চ 2020 বা তার পরে,
- একটি ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ রেভেনিউ (DOR) স্টেটমেন্ট যা দেখাবে 10 মার্চ 2020 তারিখ থেকে আপনার পরিবার বা চাইল্ড সাপোর্ট পেমেন্টের হ্রাস,
- একজন পরিবার বা চাইল্ড সাপোর্ট প্রদানকারীর কাছ থেকে হলফনামা, যেখানে বলা হয়েছে তারা আবেদনকারীকে টাকা দিতে অপারগ কোভিড-19 -এর কারণে,
- একটি নিজ-হলফনানা যা দেখাবে 1 মার্চ 2020 তারিখ থেকে আপনার উপার্জন এবং বেতনের হানি।

*যেসব আবেদনকারীরা ভাড়া বা মর্টগেজের জন্য আবেদন করবেন, তাদের নিম্নলিখিতগুলির মধ্যে **একটি** প্রদান করতে হবে:*

- লিজের কপি অথবা রেন্টাল বা টেনেন্ট এগ্রিমেন্টের কপি,
- বাতিল ও ক্রস করা রেন্ট চেকের কপি যেখানে ব্যাংক অ্যাকাউন্টের সমস্ত তথ্য থাকবে, অথবা মানি অর্ডার রসিদের কপি, অথবা
- স্বাক্ষরিত হলফনামা যেখানে আবেদনকারীর স্বাক্ষর থাকবে, এবং যদি সম্ভব হয় লিজ গ্রহীতারও স্বাক্ষর থাকবে,
- মর্টগেজ স্টেটমেন্ট এবং যদি প্রযোজ্য হয়, তবে কন্ডোমিনিয়াম ফী-এর সাম্প্রতিক ইনভয়েস বা পেমেন্ট।

*যেসব আবেদনকারীরা ইউটিলিটি সহায়তার জন্য আবেদন করবেন, তাদের নিম্নলিখিতগুলি প্রদান করতে হবে:*

- আবেদনকারী যে ইউটিলিটিরির ক্ষেত্রে সহায়তা চান সেই প্রতিটি ইউটিলিটির জন্য আবেদন করার তারিখের আগে থেকে এক মাসের মধ্যে আবেদনকারীর কেম্ব্রিজের ঠিকানায় একটি সাম্প্রতিক ইউটিলিটি বিল।

(দ্রষ্টব্য: হলফনামা প্রয়োজনমতো লভ্য হবে আবেদন ডাউনলোড করার সাথে)

*অন্যান্য গুরুত্বপূর্ণ যোগ্যতার তথ্য:*

- সিটি অফ কেম্ব্রিজ কখনই সোশাল সিকিউরিটি নম্বর চাইবে না। জমা দেওয়ার আগে নথিগুলি থেকে সোশাল সিকিউরিটি নম্বর মুছে অথবা ঢেকে দিন।
- যোগ্যতা নির্ধারণের কালে অভিবাসনের অবস্থা বিচার করা হবে না (অর্থাৎ অনথিভুক্ত বাসিন্দারও যোগ্য হবেন)।
- সব আবেদনকারীকে তাদের পরিচিতি প্রমাণ করতে একটি সচিত্র আই-ডি দিতে বলা হবে।
- সিটির কাছে অধিকার আছে যে তারা অতিরিক্ত তথ্যের অনুরোধ করতে পারবে আবেদনকারীদের কাছ থেকে, যত প্রোগ্রামের সততা নিশ্চিত করা যায়।
- আয় হ্রাসে অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু সেটাতে সীমিত থাকবে না: কাজের ঘন্টার হ্রাস, ছাঁটাই, অন্যান্য আয়ের উৎস বন্ধ হওয়া (যেমন পরিবার বা চাইল্ড সাপোর্ট হ্রাস হওয়া, অথবা অন্যান্য উল্লেখযোগ্য আয়ের ব্যাহতকারণ)।
- আয়ের হানিতে বিনিয়োগ থেকে আয়ের হানি অন্তর্ভুক্ত হবে না।
- ভাড়াটেদের প্রধান ভাড়াটে বা কোনো ইউনিটে সহ-আবাসিক হতে হবে।
- যে ব্যক্তিরা ইউনিভার্সিটি ডর্মিটিরিতে থাকে, তারা এই তহবিল থেকে অর্থ পাওয়ার জন্য যোগ্য নয়।

- **কেম্ব্রিজ হাউডিং অথরিটি-র ভাড়াটেগণ: অনুগ্রহ করে এখানে ক্লিক করুন** এবং একটি অন্তর্বর্তী রিসার্টিফিকেশন পূরণ করুন, যাতে আপনার ভাড়া কমানো যায়। অন্যান্য যারা ভর্তুকিপ্রাপ্ত বাড়িতে থাকেন অথবা যাদের মোবাইল/ভাড়াটে আধারিত ভাউচার আছে, যাতে অন্তর্বর্তী পুনরশংসন আছে তারা তাদের হাউজিং অথরিটি, হাইজিং এজেন্সি অথবা ম্যানেজমেন্ট কোম্পানির সাথে যোগাযোগ করুন। ভর্তুকিপ্রাপ্ত ভাড়াটেরা ভাড়া প্রদান করার জন্ এই তহবিল থেকে কোনো অর্থ পাওয়ার জন্য যোগ্য **নন**, কিন্তু তারা ইউটিলিটি এবং/অথবা পারিবারিক প্রয়োজনের সহায়তার জন্য আবেদন করার যোগ্য।

- **এরিয়া মিডিয়ান ইনকাম (AMI) -এর 100% -র ভিত্তিতে আয়ের যোগ্যতা নির্ধারণ করতে, অনুগ্রহ করে এখানে ক্লিক করে AMI চার্টটি ভালো করে পড়ে নিন।** (এখানে চার্টটি প্রদান করুন অথবা তার লিংক দিন।)

## বিভাগ 2
## অর্থ কী উদ্দেশ্যে ব্যবহার করা যাবে:

অর্থ বন্টন করা হবে ভাড়া বা মর্টগেজ পেমেন্ট এবং/অথবা ইউটিলিটি পেমেন্টের জন্য। অর্থ নিম্নেবর্ণিত অন্যান্য পারিবারিক প্রয়োজনের জন্যেও প্রদান করা হতে পারে।

যদিও নাগরিকদের 4 টি চিহ্নিত শ্রেণীর মধ্যে 3 টির জন্য যোগ্য হতে পারেন, তাদের জন্য সর্বোচ্চ পারিবারিক পেমেন্টের সীমা প্রযোজ্য হবে; কোনো পরিবারই এই মুহূর্তে সার্বিক $4,000-এর বেশি পেমেন্ট পেতে যোগ্য হবে না।

### *ভাড়া পেমেন্ট*

- 10 মার্চ 2020 থেকে 15 মে 2020 তারিখের মধ্যে প্রদেয় হবে এমন 1 মাসের ভাড়ার ক্ষেত্রে। প্রতি ইউনিট আকারের জন্য সর্বোচ্চ পেমেন্টের নির্দেশিকা প্রযোজ্য হবে।
- তহবিল থেকে ভাড়ার পেমেন্ট সরাসরি, ক্ষেত্রবিশেষে বাড়িওয়ালাকে অথবা অন্যান্য উপযুক্ত প্রাপককে করা হবে।

### *মর্টগেজ পেমেন্ট*

- 10 মার্চ 2020 থেকে 15 মে 2020 তারিখের মধ্যে প্রদেয় হবে এমন 1 মাসের কর, বিমা এবং/অথবা কন্ডো ফী সহ মর্টগেজ পেমেন্ট করা হবে, সিটির সাধ্যের মধ্যে হোমওনারশিপ প্রোগ্রামের বাড়ি মালিকদের। প্রতি ইউনিট আকারের জন্য সর্বোচ্চ পেমেন্টের নির্দেশিকা প্রযোজ্য হবে।
- মর্টগেজ পেমেন্ট সরাসরি ঋণদাতাকে করা হবে।

### *ইউটিলিটি পেমেন্ট*

- 10 মার্চ 2020 থেকে 15 মে 2020 তারিখের মধ্যে প্রদেয় হবে এমন 1 মাসের ইউটিলিটি চার্জ প্রদান করা হবে বর্তমান বিল অনুযায়ী।

### *পারিবারিক প্রয়োজন তহবিল (হাউজহোল্ড নিড ফান্ড)*

- পেমেন্ট করা হতে পারে পারিবারিক প্রয়োজনের জন্য। প্রতি মানুষ পিছু $250 এবং পরিবার পিছু সর্বোচ্চ $1000 সীমা প্রযোজ্য হবে।

### অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য

একটি “পরিবার” বা “যৌথ পরিবার” -এর মানে হল 2 বা তার বেশি পরিবারের সদস্য, যাদের জন্য আয় ও ব্যয় একত্রে দেখা হয় এবং/অথবা একটি পরিবার যেখানে সদস্যরা একে অপরের আত্মীয়।

একটি “একক আবেদনকারী” হল সেই ব্যক্তি যিনি একা থাকেন অথবা যিনি একটি রুমমেট অবস্থায় থাকেন, যেখানে প্রতিটি রুমমেট মোট ভাড়ার তাদের নিজস্ব অংশ প্রদান করে থাকে।

মেয়রস ডিজ্যাস্টার রিলিফ ফান্ড-এর অর্থ ব্যবহার করা যাবে না বকেয়া ভাড়া বা ইউটিলিটি পেমেন্টের জন্য, যা প্রদেয় হয়েছে করোনাভাইরাস/কোভিড-19 সংকটের আগে। 10 মার্চ 2020 তারিখের আগে বকেয়া ভাড়া বা ইউটিলিটি বিলের ক্ষেত্রে আপনার যদি সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন মাল্টি সার্ভিস সেন্টার-এর সাথে 617-349-6340 নম্বরে। যদি আপনার মর্টগেজের ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন কমিউনিটি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট-এর হাউজিং ডিভিশন-এর সাথে যোগাযোগ করুন 617-349-4634 নম্বরে।

একজন আবদনকারী প্রতিমাসে যত প্রদান করেন সর্বোচ্চ সেই পরিমাণেই ভাড়া বা মর্টগেজ তহবিল থেকে দেওয়া হবে এবং সেটি নিম্নলিখিত ইউনিট আকারের সীমার চেয়ে বেশি হতে পারবে না:

- স্টুডিও: $2,450
- এক কামরা: $ 2,700
- দুই কামরা: $ 3,300
- তিন বা তার বেশি কামরা: $ 4,000

**অনুগ্রহ করে মনে রাখবেন**- কোভিড-19 -এর জন্য মেয়রস ডিজ্যাস্টার রিলিফ ফান্ড থেকে আবেদনকারীকে একটি পেমেন্ট, অথবা আবেদনকারীর পক্ষ থেকে অন্য কোনো ব্যক্তিকে পেমেন্ট, আবেদনকারীর আয় নয়, কারণ এই প্রকার পেমেন্ট অন্তর্ভুক্ত হয় 26 U.S.C. 139 অধীনে বিপর্যয় ত্রাণ পেমেন্ট হিসাবে এবং এই পরিস্থিতিটিকে রাজ্য এবং ফেডারাল, উভয় কর্তৃপক্ষই বিপর্যয় ঘোষণা করেছে। যেহেতু অর্থ প্রদান আয় নয়, তাই সিটি এই পেমেন্টের জন্য 1099 প্রদান করবে না। যদি আবেদনকারীর কর বিষয়ে আরও জিজ্ঞাসা থাকে, তবে আবেদনকারীকে একটি কর পেশাদারের সাথে কথা বলতে অনুরোধ করা হচ্ছে।

## বিভাগ 3
## কীভাবে নাগরিকরা আবেদন করতে পারবে

নিচের লিংকে গিয়ে আবেদনটি খুলে আবেদনকারীরা অনলাইনে আবেদন করতে পারবেন। জমা পড়লে, সিটির কর্মীরা আবেদনটি পর্যালোচনা করবে এবং আবেদনকারীরা তাদের আবেদনের অবস্থা বিষয়ে ইমেল আপডেট পেতে পারবে, যেখন সেটি প্রক্রিয়া করা হবে।

আবেদনকারীরা এছাড়াও আবেদন করতে পারবে 617-349-9797 নম্ববে ফোন করে। একজন কর্মী আপ্রাণ চেষ্টা করবেন আবেদনকারীকে 2টি কাজের দিনের মধ্যে ফোন করতে যাতে ফোনের মাধ্যমে তিনি আবেদন করতে পারেন। আপনি বার্তা রাখতে পারবেন ইংরেজি অথবা স্প্যানিশ, হাইতিয় ক্রেওল, আমহারিক, বাংলা, চিনা, আববী এবং পোর্তুগিজ ভাষাগুলিতে আলাদা ভয়েসমেল বক্সে। এই ভাষাগুলির প্রতিটিতে কর্মীদের দ্বারা সহায়তা পাওয়া যায়।

**এই আবেদন জমা দেওয়ার ক্ষেত্রে চারটি প্রাথমিক ধাপ:**

1. আবেদন পূরণ করুন
2. প্রমাণের নথি আপলোড করুন
3. স্টেটমেন্ট অফ ভেরিফিকেশন-এ স্বাক্ষর করুন ও তাতে তারিখ দিন
4. সেভ করুন ও জমা দিন

**ধাপ 1: আবেদন পূরণ করুন:**

- ➢ আবেদনকারীরা আবেদন পূরণ করবেন, সমস্ত প্রয়োজনীয় ক্ষেত্রগুলি পূরণ করে।

- ➢ আবেদনারীরা যতটা পূরণ করেছেন সেটি সেভ করে, প্রয়োজনমতো সহায়তার জন্য ফোন করতে পারবেন।

- ➢ আয়ের নির্দেশিকা পর্যালোচনা করতে এবং নির্ধারণ করতে যে আবেদনকারী AMI-এর 100% বা তার নিচে কিনা, এখানে ক্লিক করুন।

**ধাপ 2: প্রয়োজনীয় নথি আপলোড করুন: *সিটি অফ কেম্ব্রিজ কখনই সোশাল সিকিউরিটি নম্বর চাইবে না। তাই জমা দেওয়ার আগে, অনুগ্রহ করে নিশ্চিত করুন যাতে আপনি সমস্ত নথির ছবি থেকে থেকে সোশাল সিকিউরিটি নম্বর কেটে দেন।**

সব আবেদনকারীকে আপলোড করতে হবে

- ফটো আইডির একটি কপি বা ছবি, তাদের পরিচিতি নিশ্চিত করতে (এই আইডি-টি সাম্প্রতিক না হলেও চলবে এবং তাতে কেম্ব্রিজের ঠিকানা না থাকলেও চলবে)।

সব আবেদনকারীরা কেম্ব্রিজে বসবাসের প্রমাণ হিসাবে নিম্নলিখিত **একটি**-কে প্রমাণ আপলোড করবেন:

- সাম্প্রতিক ফটো আই-ডি যাতে কেম্ব্রিজের ঠিকানা আছে,
- সাম্প্রতিক স্বাক্ষর করা লিজ, মর্টগেজ স্টেটমেন্ট অথবা স্বাক্ষ করা টেনেন্ট এগ্রিমেন্ট,
- একটি নির্ভরশীল সন্তানের জন্য 2019-2020 বা 2020-2021 স্কুল ইয়ারে স্কুল এনরোলমেন্ট নথি,
- বাসিন্দা হতে হবে এমন সিটি অফ কেম্ব্রিজ প্রোগ্রামের 2019 বা 2020 প্রোগ্রাম এনরোলমেন্ট নথি,
- আপনার কেম্ব্রিজের ঠিকানায় দুটি পোস্টমার্ক করা এবং আপনাকে পাঠানো চিঠি যা গত 15 মধ্যে এসেছিল,
- অন্য বৈধ নথি, যেমন কেম্ব্রিজের ঠিকানায় আবেদনকারীর ইউটিলিটি বিল, যা গত 30 দিনের মধ্যে ছিল অথবা কেম্ব্রিজের ঠিকানায় আবেদনকারীর বর্তমান গাড়ির রেজিস্ট্রেশন।

সব আবেদনকারীরা আয়ের যোগ্যতার প্রমাণ হিসাবে নিম্নলিখিত **একটি**-কে প্রমাণ আপলোড করবেন:

- একটি 2019 ইনকাম ট্যাক্স রিটার্ন (প্রথম পৃষ্ঠা)। অনুগ্রহ করে সমস্ত সোশ্যাল সিকিউরিটি নম্বর কেটে বা মুছে দিন,
- একটি 2018 ইনকাম ট্যাক্স রিটার্ন (প্রথম পৃষ্ঠা) এবং একটি 2019 W-2। অনুগ্রহ করে সমস্ত সোশ্যাল সিকিউরিটি নম্বর কেটে বা মুছে দিন,
- একটি 2018 ইনকাম ট্যাক্স রিটার্ন (প্রথম পৃষ্ঠা) এবং একটি 2019 1099 ফর্ম। অনুগ্রহ করে সমস্ত সোশ্যাল সিকিউরিটি নম্বর কেটে বা মুছে দিন।
- 2019-এর আয় বিষয়ে হলফনামা।

সব আবেদনকারীরা কোভিড-19-এর কারণে উপার্জনের হানির প্রমাণ হিসাবে নিম্নলিখিত **একটি**-কে প্রমাণ আপলোড করবেন:

- দুটি পে-স্টাব, একটি দেখাবে উপার্জন হানি বা হ্রাসের আগের আয়, অপরটি দেখাবে 10 মার্চ 2020 -র পরের তারিখে উপার্জন হানি বা হ্রাসের পরের আয়,
- নিয়োগকর্তার কাছ থেকে একটি চিঠি যা দেখাবে কোভিড-19-এর কারণে আয়ের পরিবর্তন হয়েছে,
- আবেদনকারীর নিয়োগকর্তার কাছ থেকে একটি বিজনেস ক্লোজার নোটিস যার তারিখ হবে 10 মার্চ 2020 বা তার পরে,
- একটি DOR স্টেটমেন্ট যা দেখাবে 10 মার্চ 2020 তারিখ থেকে আপনার পরিবার বা চাইল্ড সাপোর্ট পেমেন্টের হ্রাস,

- একজন পরিবার বা চাইল্ড সাপোর্ট প্রদানকারীর কাছ থেকে হলফনামা, যেখানে বলা হয়েছে তারা আবেদনকারীকে টাকা দিতে অপারগ কোভিড-19 -এর কারণে,
- একটি নিজ-হলফনানা যা দেখাবে 10 মার্চ 2020 তারিখ থেকে আপনার উপার্জন এবং বেতনের হানি।

(দ্রষ্টব্য: হলফনামা প্রয়োজনমতো লভ্য হবে আবেদন ডাউনলোড করার সাথে)

**যে আবেদনকারীরা ভাড়া, মর্টগেজ এবং/অথবা ইউটিলিটি সহায়তার জন্য আবেদন করছেন, তাদের নিম্নলিখিত অনুযায়ী সংশ্লিষ্ট নথিও আপলোড করতে হবে:**

যে আবেদনকারীরা ভাড়া বা মর্টগেজের জন্য আবেদন করছেন তাদের নিম্নলিখিতগুলির মধ্যে **একটি** আপলোড করতে হবে:

- লিজের কপি অথবা রেন্টাল বা টেনেন্ট এগ্রিমেন্টের কপি,
- বাতিল ও ক্রস করা রেন্ট চেকের কপি যেখানে ব্যাংক অ্যাকাউন্টের সমস্ত তথ্য থাকবে, অথবা মানি অর্ডার রসিদের কপি, অথবা
- স্বাক্ষরিত হলফনামা যেখানে আবেদনকারীর স্বাক্ষর থাকবে, এবং যদি সম্ভব হয় লিজ গ্রহীতারও স্বাক্ষর থাকবে
- মর্টগেজ স্টেটমেন্ট এবং যদি প্রযোজ্য হয়, তবে কন্ডোমিনিয়াম ফী-এর সাম্প্রতিক ইনভয়েস বা পেমেন্ট।

যে আবেদনকারীরা ইউটিলিটি সহায়তার জন্য আবেদন করছেন তাদের নিম্নলিখিত আপলোড করতে হবে:

- আবেদনকারী যে ইউটিলিটিরির ক্ষেত্রে সহায়তা চান সেই প্রতিটি ইউটিলিটির জন্য আবেদন করার তারিখের আগে থেকে এক মাসের মধ্যে আবেদনকারীর কেম্ব্রিজের ঠিকানায় একটি সাম্প্রতিক ইউটিলিটি বিল।

**ধাপ 3:**

<u>প্রদত্ত তথ্যের নিশ্চিতকরণ:</u>

আবেদন সম্পূর্ণ করার পর, আবেদনকারী বৈদ্যুতিনভাবে নিম্নলিখিত শংসনে স্বাক্ষর করতে হবে:

> **শাস্তিবিধানযোগ্যভাবে, আমি শংসিত করছি যে, এই আবেদনে দেওয়া সমস্ত তথ্য সঠিক এবং উপযুক্ত। আমি এছাড়াও সিটি অফ কেম্ব্রিজ-কে অনুমতি দিচ্ছি যাতে তারা এতে প্রদত্ত সমস্ত তথ্য যাচাই করতে পরে। এছাড়াও, আমি সম্মত হচ্ছি যে, এই আবেদনে যেখানে যেখানে আমার স্বাক্ষর আছে, হলফনানাসহ, সেট স্ক্যান করা হোক বা আসল স্বাক্ষর হোক বা আমার স্বাক্ষরের ছবিই হোক অথবা বৈদ্যুতিনই হোক যেখানে আমাকে নাম টাইপ করে স্বাক্ষর করতে হয়েছে, আমার সেই স্বাক্ষরটি আমার আসল স্বাক্ষরের মতো বৈধ ও তার মতই সর্বজন গ্রাহ্য হবে।**

যদি আবেদনটি একজন সিটির কর্মীর সাহায্য পূরণ করা হয়ে থাকে ফোনের মাধ্যমে, এবং আবেদনকারী যদি প্রয়োজনীয় হলফনামা পূরণ করতে বা আপলোড করতে না পারে, তবে সিটির কর্মীটি ফোনে হলফনামাটির সব কিছু পড়ে শোনাবেন এবং আবেদনকারীর হয়ে হলফনামাটি পূরণ করবেন। সিটির কর্মী তারপর প্রয়োজনীয় হলফনামাগুলি ইমেলে পাঠিয়ে দেবেন আবেদনকারীকে এবং আবেদনকারী ইমেলের উত্তর দেবেন এটি জানিয়ে যে আবেদনকারী সিটির কর্মীকে অনুমতি প্রদান করছেন যাতে সে আবেদনকারীর পক্ষ থেকে হলফনামা স্বাক্ষর করতে পারেন।

যদি আবেদনকারী সিটি কর্মীর সহায়তায় ফোনের মাধ্যমে আবেদন পূরণ করে থাকেন, তবে সিটি কর্মী উপরোক্ত শংসনটি ইমেলে পাঠাবেন এবং আবেদনকারী সেই ইমেলের উত্তর দেবেন এইভাবে যে আবেদনকারী উপরোক্ত শংসনে সমস্ত হচ্ছেন এবং সিটির কর্মীকে অনুমতি প্রদান করছেন যাতে সে আবেদনকারীর পক্ষ থেকে তাতে স্বাক্ষর করতে পারে।

সিটির কর্মীরা আবেদনকারীর কাছ সেই ইমেলের নিশ্চিতকরণগুলি আবেদনের সাথে যোগ করে আপলোড করবেন।

যদি আবেদনকারী ইমেল পেতে বা তার উত্তর দিতে না পারেন, তবে একজন সিটি-র কর্মী প্রয়োজনীয় তথ্য আবেদনকারীকে পড়ে শোনাবেন, তারপর আবেদনকারী হাতে হলফনামাটি লিখে দিতে পারবেন এবং সেটিকে হয় ডাকযোগে পাঠাতে পারবেন এই ঠিকানায়: Mayor's Disaster Relief Fund, c/o Michelle Kincaid, 795 Mass Ave, Cambridge MA 02139, অথবা সেটিকে সিটি হলের পিছনে পেমেন্ট ডাকবাক্সে জমা দিতে পারবেন। নথিটি স্ক্যান করে আবেদনের সাথে আপলোড করে দেওয়া হবে।

**ধাপ 4:**
আবেদনকারী সেভ করবে এবং জমা দেবে>

আবেদনকারীদের তাদের ফান্ডের আবেদনের ক্ষেত্রে একটি ইমেল প্রাপ্তি স্বীকার দেওয়া হবে। তারপর তহবিল থেকে আবেদনকারীদের জানানো হবে তারা ত্রাণ তহবিল থেকে অর্থ সাহায্য পেল নাকি তাদের আবেদন প্রত্যাখ্যাত হল। প্রত্যাখ্যাত হলে আপিল করা যাবে না। যদি অর্থ প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়, তবে সেই বিজ্ঞপ্তিতে থাকবে আপনারা কত টাকা পাচ্ছেন এবং কী উদ্দেশ্যে সেই টাকা আপনাদের দেওয়া হচ্ছে।

জারী হয়েছে: 12 এপ্রিল 2020